# রংপুর সিটি কর্পোরেশন।

সাধারণ শাখা

www.rpcc.gov.bd

## রংপুর সিটি কর্পোরেশনের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোঃ আজমল হোসেন
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় ঃ ২৬.০৯.২০২৪ ইং, বৃহস্পতিবার, সকাল ঃ ১২:০০টা
সভার স্থান ঃ রংপুর সিটি কর্পোরেশন সভা কক্ষ।
উপস্থিতি ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"।

সভার শুরুতে সভাপতি সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)-কে বলেন। এর পরিপ্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র. নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গত মাসিক সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদনকরণ। | প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) গত মাসিক সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী প্রস্তাব না থাকলে তা দৃঢ়ীকরণ করার বিষয়ে মতামত প্রদানের অনুরোধ জানান। সভায় উপস্থিত সকলে কার্যবিবরনী দৃঢ়ীকরণের বিষয়ে একমত পোষণ করেন। | গত ১৩/০৮/২০২৪ইং মাসিক সভার কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদন করা হয়। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ২ | বসতবাড়ী / বাণিজ্যিক ভবনের নীল নক্সা অনুমোদন | সভায় বসতবাড়ী / বাণিজ্যিক ভবনের নীল নক্সা অনুমোদন বিষয়ে আলোচনা আলোচনা করা হয়। | গত ১৩.০৮.২০২৪ইং হতে ২৬.০৯.২০২৪ইং পর্যন্ত বসতবাড়ী / বাণিজ্যিক ভবনের নীল নক্সা অনুমোদিত হয় নাই। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) |
| ৩ | ২০২৩-২৪ অর্থ বছরের রংপুর সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন মাসিক সভায় উপস্থাপন, অনুমোদন এবং মন্ত্রণালয়ে প্রেরণ প্রসঙ্গে আলোচনা। | প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) উপস্থাপন করেন স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৪৩ অনুযায়ী রংপুর সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করা প্রয়োজন। তিনি আরও জানান আইনানুযায়ী পরিষদ কর্তৃক অনুমোদনপূর্বক প্রতিবেদনটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় সকলে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন অনুমোদনের প্রস্তাব করেন। সভাপতি মহোদয় বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন অনুমোদন প্রদান করেন। | ২০২৩-২০২৪ইং অর্থ বছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন অনুমোদন করা হলো। বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রোগ্রামার |
| ৪ | সিটি কর্পোরেশনাধীন বিভিন্ন বাজারের অস্থায়ী বরাদ্দকৃত দোকানসমূহের বরাদ্দের চুক্তিপত্র হালনাগাদ, মাসিক ভাড়া বৃদ্ধি, হস্তান্তর প্রক্রিয়া ও পুনরায় বরাদ্দ সংক্রান্ত বিষয়ে আলোচনা। | সভায় শাখা প্রধান সিটি কর্পোরেশনাধীন বিভিন্ন বাজারের অস্থায়ী বরাদ্দকৃত দোকানসমূহের বরাদ্দের চুক্তিপত্র হালনাগাদ, মাসিক ভাড়া বৃদ্ধি, হস্তান্তর প্রক্রিয়া ও পুনরায় বরাদ্দ সংক্রান্ত বিষয়ে উপস্থাপন করেন। এ বিষয়ে প্রশাসক মহোদয় সকল স্টেক হোল্ডার, স্ট্যান্ডিং কমিটি ও সমাজের গণ্যমান্য ২/১ জন ব্যক্তি ও লীজকৃত দোকান মালিকদের আলোচনার প্রেক্ষিতে মতামতের উপর ভিত্তি করে ভাড়া বৃদ্ধিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | রংপুর সিটি কর্পোরেশনাধীন বিভিন্ন বাজারের অস্থায়ী বরাদ্দকৃত দোকানসমূহের বরাদ্দের চুক্তিপত্র হালনাগাদ, মাসিক ভাড়া বৃদ্ধি, হস্তান্তর প্রক্রিয়া ও পুনরায় বরাদ্দ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | সিটি কর্পোরেশনাধীন সিটি বাজার সাইকেল স্ট্যান্ড মৎস্য আড়ত সেডে স্থানান্তরিত পূর্বক ডাস্টবিন নির্মাণ ও মৎস্য আড়ত সেডের ০৫ জন আড়তদারকে সেলামী ও মাসিক ভাড়ার ভিত্তিতে স্থাপনা নির্মাণ ব্যতিরেকে অস্থায়ী লীজ প্রদান সংক্রান্ত আলোচনা। | সভায় ২৩ নং ওয়ার্ড কাউন্সিলর উপস্থাপন করেন সিটি বাজারের সাইকেল স্ট্যান্ড মৎস্য আড়তে স্থানান্তরিত করে সেখানে ডাস্টবিন নির্মাণকরণ এবং মৎস্য আড়ত সেডের ০৫ জন আড়তদারকে সেলামী ও মাসিক ভাড়ার ভিত্তিতে স্থাপনা নির্মাণ ব্যতিরেকে অস্থায়ী লীজ প্রদানের বিষয়ে প্রস্তাব দেন। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। প্রশাসক মহোদয় সিটি বাজার সাইকেল স্ট্যান্ড মৎস্য আড়ত সেডে স্থানান্তরিতপূর্বক ডাস্টবিন নির্মাণ ও মৎস্য আড়ত সেডের ০৫ জন আড়তদারদের অবৈধ স্থাপনা সরানোর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | সিটি বাজারের সাইকেল স্ট্যান্ড মৎস্য আড়তে স্থানান্তর এবং সেখানে ডাস্টবিন নির্মাণ, মৎস্য আড়ত সেডের ০৫ জন আড়তদারদের অবৈধ স্থাপনা সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | শাখা প্রধান বাজার শাখা |
| ৬ | বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটিতে ৩ জন কাউন্সিলর জনাব মোঃ মাহবুবার রহমান মঞ্জু, কাউন্সিলর, ওয়ার্ড নং- ২১ ও প্যানেল মেয়র ০১, ২) জনাব মোঃ মাহমুদুর রহমান, কাউন্সিলর, ওয়ার্ড নং- ১৯, রংপুর সিটি কর্পোরেশন, ৩) জনাব মোঃ লিটন পারভেজ, কাউন্সিলর, ওয়ার্ড নং-২৩, রংপুর সিটি কর্পোরেশনকে কো-অপ্ট করণ বিষয়ে আলোচনা। | শাখা প্রধান বর্জ্য ও ব্যবস্থাপনা শাখা উপস্থাপন করেন বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটিতে ৩ জন কাউন্সিলর, ওয়ার্ড নং-২১, ওয়ার্ড নং- ১৯, ও ওয়ার্ড নং-২৩, রংপুর সিটি কর্পোরেশনকে কো-অপ্ট করার প্রস্তাব করেন। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। প্রশাসক মহোদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | সভায় বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটিতে ৩ জন কাউন্সিলর, ওয়ার্ড নং-২১, ওয়ার্ড নং- ১৯, ও ওয়ার্ড নং-২৩, রংপুর সিটি কর্পোরেশনকে কো-অপ্ট করা হলো। | সহঃপঃকঃ বর্জ্য ব্যবস্থাপনা শাখা |
| ৭ | বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমের মনোন্নয়নের জন্য জনসচেতনতামূলক প্রকল্প যথা- মাইকিং, লিফলেট, বিতরণ, বৈঠক সুধীজন, ব্যবসায়ীবৃন্দসহ বিভিন্ন শ্রেণির মানুষের সাথে মতবিনিময় ও মতামতসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা। | প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থাপন করেন শহর পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম বৃদ্ধির জন্য মাইকিং করা, লিফলেট তৈরী করে বিতরণ করা এছাড়াও ইসলামিক ফাউন্ডেশন, স্কুল-কলেজের ছাত্র/ ছাত্রীদের ভলান্টিয়ার হিসাবে সম্পৃক্ত করে তাদের মাধ্যমে উদ্যোগ গ্রহণ করা, সুধীজন, ব্যবসায়ীবৃন্দসহ বিভিন্ন শ্রেণির মানুষের সাথে মতামতসমূহ বাস্তবায়ন করা এবং ডেঙ্গুজ্বর প্রতিরোধে এডিস মশা নিধনের কার্যক্রম চালু রাখার জন্য সকল সদস্য একমত পোষণ করেন। প্রশাসক মহোদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | সভায় শহর পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম বৃদ্ধির জন্য মাইকিং করা, লিফলেট তৈরী করে বিতরণ করা এছাড়াও ইসলামিক ফাউন্ডেশন, স্কুল-কলেজের ছাত্র/ ছাত্রীদের ভলান্টিয়ার হিসাবে সম্পৃক্ত করে তাদের মাধ্যমে উদ্যোগ গ্রহণ করা, সুধীজন, ব্যবসায়ীবৃন্দসহ বিভিন্ন শ্রেণির মানুষের সাথে মতামতসমূহ বাস্তবায়ন করা এবং ডেঙ্গুজ্বর প্রতিরোধে এডিস মশা নিধনের কার্যক্রম চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহঃপঃকঃ বর্জ্য ব্যবস্থাপনা শাখা |
| ৮ | এসফল্ট প্লান্টের সংযুক্ত প্রজেক্ট এর মাধ্যমে নতুন ভবনের আন্ডার গ্রাউন্ডে স্থাপনকৃত ২০০ কেভিএ জেনারেটর স্থাপনকরণ প্রসঙ্গে আলোচনা। | সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) উপস্থাপন করেন এসফল্ট প্লান্টের সংযুক্ত প্রজেক্টে মাধ্যমে নতুন ভবনের আন্ডারগ্রাউন্ডের দক্ষিণ-পশ্চিম কোনে স্থাপন করা হয়েছে। ভবনের নিরাপত্তার স্বার্থে স্থাপনকৃত ২০০ কেভিএ জেনারেটরটি আন্ডারগ্রাউন্ড হতে উত্তোলন করে ক্যাম্পাস এরিয়ার যে কোন সুবিধামত জায়গায় স্থাপনের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। জেনারেটর স্থাপনের যাবতীয় ব্যয় সিটি | জেনারেটরটি কর্পোরেশন চত্তরের সুবিধামত জায়গায় স্থাপন করে চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কর্পোরেশনের নিজস্ব তহবিল হতে ব্যয়ভার বহন করা হবে। এছাড়াও আরোও আলোচনা হয় যে, জেনারেটরের ঝাকুনির নির্ধারণ করার এ বিষয়ে প্রশাসক মহোদয় জেনারেটর স্থাপনের নির্দেশনা প্রদান করেন। | | |
| ০৯ | বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি প্রসঙ্গে আলোচনা। | সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) রংপুর সিটি কর্পোরেশনে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন। বর্তমানে প্রকল্প চলমান রয়েছে। সভাপতি প্রকল্পগুলো সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | কোভিড-১৯ প্রকল্পের প্যাকেজ সমূহসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের চলমান কাজের গুণগতমান সঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) |
| ১০ | নতুন প্রকল্প গ্রহণ প্রসঙ্গে আলোচনা। | সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) রংপুর সিটি কর্পোরেশন নতুন প্রকল্প গ্রহণ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি আরও জানান যে, রংপুর সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডের বিভিন্ন এলাকার উন্নয়নমূলক কাজের ২টি প্যাকেজের পুনঃ দরপত্র আহ্বান করা হয়েছে। প্রশাসক মহোদয় সভায় বলেন, সিটি কর্পোরেশনের উন্নয়নের জন্য সীমিত পরিসরে (৫০.০০ কোটি টাকার মধ্যে) ডিপিপি প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | রংপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন উন্নয়নমূলক কাজের মধ্যে সংস্কার/মেরামত, রাস্তা উন্নয়ন ও প্রশস্থকরণ এবং রাস্তা ও ড্রেন নির্মাণ বিষয়ে কমপক্ষে ০৩টি সীমিত পরিসরে (৫০.০০ কোটি টাকার মধ্যে) ডিপিপি প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) |
| ১১ | আর্থিক সাহায্য প্রসঙ্গে আলোচনা। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা সভায় জানান যে, বছরব্যাপী আর্থিক সাহায্যের জন্য এ কার্যালয়ে আবেদন জমা হয়। উক্ত আর্থিক আবেদনসমূহ মাসিক সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় ও সম্মানিত কাউন্সিলরবৃন্দ একমত হয়ে ভূতাপেক্ষভাবে আর্থিক সাহায্যের আবেদনসমূহ অনুমোদন গ্রহণ করার জন্য একমত প্রকাশ করেন। | ভূতাপেক্ষভাবে আর্থিক সাহায্য সমূহ সভায় অনুমোদন করতে হবে। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) |
| ১২ | বিবিধ ঃ<br>ক) ইঞ্জিনিয়ার ও আর্কিটেকচারের সঠিক তথ্য নক্সার সঙ্গে সংযুক্ত করণ। | সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) উপস্থাপন করেন যে, রংপুর সিটি কর্পোরেশনাধীন যে সমস্ত নক্সাপ্রণয়নকারী প্রকৌশলী/ আর্কিটেক্ট রয়েছে তাদের নাম, পদবী, আইডিইবি, আইইবি, আইএবি সদস্য নম্বরসহ প্রফেশনাল সোসাইটি নম্বর, রেজিস্ট্রেশন নম্বর নমুনা স্বাক্ষর সংরক্ষণের স্বার্থে নিজ প্রতিষ্ঠানের প্যাডে সঠিক তথ্য এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে প্রশাসক মহোদয় উল্লেখিত কাগজপত্রাদি ও প্রত্যয়নসহ নক্সার সঠিক তথ্য সংযোজনের জন্য নির্দেশনা প্রদান করেন। | নক্সা প্রণয়নকারী প্রতিষ্ঠান, প্রকৌশলী (সিভিল), স্থপতি, পরিকল্পনাবিদ বা ডিপ্লোমা প্রকৌশলী (সিভিল) এর তালিকা অন্তর্ভূক্তি করতে হবে। এছাড়াও প্রকৌশলী (সিভিল), স্থপতি, পরিকল্পনাবিদ বা ডিপ্লোমা প্রকৌশলী (সিভিল) এর নমুনা স্বাক্ষর সম্বলিত কাগজপত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত অনুলিপি নিশ্চিত করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | খ) দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োগকৃত কর্মচারীর বকেয়া বেতন প্রদান। | সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) উপস্থাপন করেন সাবেক মেয়র মহোদয়ের সময়ে দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োগকৃত কর্মচারী রাস্তায় গাড়ী রক্ষণাবেক্ষণের কাজে চাকুরীতে নিযুক্ত হন। কিন্তু তারা এ যাবত তারা কোন বেতন ভাতাদি পাচ্ছেন না। তাদের বেতনভাতা প্রদানের জন্য সকলে একমত পোষণ করেন। সেপ্রেক্ষিতে প্রশাসক মহোদয় তাদের বেতন প্রদানের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | দৈনিক হাজিরা ভিত্তিতে রাস্তায় গাড়ী রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত কর্মীদের বেতন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) |
| | গ) অনুনোমোদিত নক্সার জমাকৃত টাকা ফেরত প্রদান | সভায় ১৭নং ওয়ার্ড কাউন্সিলর ও ২৫নং ওয়ার্ড কাউন্সিলর উপস্থাপন করেন যেসব বসতবাড়ীর আবাসিক/ বানিজ্যিক ভবনে নক্সা অনুমোদনের জন্য এ কার্যালয়ে টাকা জমা করেছেন কিন্তু নক্সা অনুমোদন হয় নাই, সেসব নক্সার জমাকৃত টাকা ফেরত প্রদানের প্রস্তাব করেন। সেপ্রেক্ষিতে নগর পরিকল্পনাবিদ বলেন বসতবাড়ী নির্মাণ অধ্যাদেশ 1951.(E.B Ord. No.XII of 1951). মোতাবেক ভবনের মালিক যদি কোন তথ্য গোপন করে নক্সা অনুমোদনের জন্য টাকা জমা প্রদান করেন সেক্ষেত্রে অনুনোমোদিত নক্সার জমাকৃত টাকা ফেরত প্রদান করার বিধান নাই। তবে কারিগরি কোন সমস্যায় নক্সা অনুমোদন না হলে জমাকৃত টাকা ফেরত প্রদান করার বিধান রয়েছে। এ বিষয়ে প্রশাসক মহোদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | বসতবাড়ী নির্মাণ অধ্যাদেশ 1951.(E.B Ord. No.XII of 1951). মোতাবেক ভবনের নক্সা অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাধায়ক প্রকৌশলী (চঃদাঃ) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

23-10-24

মোঃ আজমল হোসেন
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

# রংপুর সিটি কর্পোরেশন।

সাধারণ শাখা

www.rpcc.gov.bd

স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.০২.০০২.২৪-৪৯২

তারিখ ঃ ০৭ কার্তিক ২০৩১ বঙ্গাব্দ
২৩ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি ঃ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। সম্মানিত কাউন্সিলরবৃন্দ, রংপুর সিটি কর্পোরেশন।
৪। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
৫। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৬। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
৮। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৯। বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর (বিভাগীয় কমিশনার ও প্রশাসক, রংপুর সিটি কর্পোরেশন মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। নির্বাহী প্রকৌশলী, অঞ্চল. . . . . . রংপুর সিটি কর্পোরেশন।
১১। নগর পরিকল্পনাবিদ, রংপুর সিটি কর্পোরেশন।
১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদা), রংপুর সিটি কর্পোরেশন।
১৩। বস্তি উন্নয়ন কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১৪। সহকারী প্রকৌশলী (অঃ দাঃ), পানি সরবরাহ শাখা, রংপুর সিটি কর্পোরেশন।
১৫। প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
১৬। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন (ওয়েব সাইটে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১৭। ..............................................................রংপুর সিটি কর্পোরেশন।
১৮। শাখা প্রধান (সকল) রংপুর সিটি কর্পোরেশন।
১৯। অফিস নথি।

২৩/১০/২৪

প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd.

E:Office doc. Resoulation file.436